সিনিয়র সিস্টেম এনালিষ্ট
- সিস্টেম এনালিষ্ট/ সিনিয়র প্রোগ্রামার
- প্রোগ্রামার
- মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
- সঃমেঃ ই-১/ সঃমেঃই-২
- নথি

ডাইরি নং...৪৩৮...
তারিখ...০২/০২/২০২৬...
স্বাক্ষর 01-02-2026

নির্বাচন অগ্রাধিকার

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০১.২৬-৫২ তারিখ: ০১-০২-২০২৬ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট গ্রহণের জন্য বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের ২৭-০১-২০২৬ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৭.২৫(অংশ-২)-১০০ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে সড়ক পরিবহণ আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ১১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ মধ্যরাত ১২:০০ টা হতে ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো:

(১) ট্যাক্সি ক্যাব (২) পিক আপ (৩) মাইক্রোবাস (৪) ট্রাক

০২। সে সাথে ১০ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ১৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

০৩। উপরিল্লিখিত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিলযোগ্য হবে:

(ক) আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক;

(খ) জরুরি সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহণকারী সকল ধরনের যানবাহন;

(গ) আত্মীয়স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয়স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসাবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোন যানবাহন;

(ঘ) প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ১টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ১টি গাড়ি (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়িতে স্টীকার প্রদর্শন সাপেক্ষে;

(ঙ) সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরি কোনো কাজে ব্যবহৃত যানবাহন/মোটর সাইকেল নির্বাচন কমিশন/রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে;

(চ) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনি কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারি অথবা অন্য কোনো ব্যক্তির জন্য মোটরসাইকেল;

(ছ) টেলিযোগাযোগ সেবাকে জরুরি সেবা হিসেবে বিবেচনা করে বিটিআরসি এবং বিটিআরসি হতে লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের যানবাহন; এবং

(জ) জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ছাড়াও আন্তঃজেলা বা মহানগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

(অপর পাতায় দ্রষ্টব্য)



CamScanner

০৪। উপরন্তু, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষে উল্লিখিত যানবাহনসমূহ ব্যতীত অন্যান্য যানবাহনের ওপরেও বর্ণিত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপ অথবা শিথিলের জন্য সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট/মেট্রোপলিটন পুলিশ কমিশনার-কে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

০১/০২/২০২৬

আল-আমীন মোঃ নুরুল ইসলাম
উপসচিব
ফোন: ৫৫১০১০৩১
ইমেইল: brta.est.sec@rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০১.২৬-৫২/১(৩০) তারিখ: ০১-০২-২০২৬ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্যসচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করা এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)**
০৩. সিনিয়র সচিব/সচিব, ..............................................(সংশ্লিষ্ট) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ।
০৪. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(এ নিষেধাজ্ঞা বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)**
০৫. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
০৬. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
০৭. চেয়ারম্যান, বিআরটিএ, সদর কার্যালয়, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা **(এ বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।**
০৮. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/আনসার ও ভিডিপি/ র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা।
০৯. প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. বিভাগীয় কমিশনার, ..........................................(সকল)
১১. উপ-মহাপুলিশ পরিদর্শক, ..................................(সকল)
১২. মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ............................(সকল)
১৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
১৪. মাননীয় বিশেষ সহকারীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
১৫. জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার........................(সকল)
১৬. পুলিশ সুপার .................................................(সকল)
১৭. উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার......(সকল)
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা....................................(সকল)
১৯. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২০. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশকরত: গেজেটের কপি জরুরিভিত্তিতে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।**
২১. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
২২. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার ..........................................(সকল)
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২৪. নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২৫. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি...........................................................(সকল)
২৬. জেলা তথ্য অফিসার.........................................................................(সকল)
২৭. উপজেলা/থানা নির্বাচন অফিসার.....................................................................(সকল)
২৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
২৯. অফিসার ইন-চার্জ.........................................................................(সকল)



CamScanner